

6 Good লাইফ

ঋতুর প্রয়াস



ওরা গান শুনতে খুব ভালবাসে। আর পাঁচটা বাচ্চার মতোই নাচ ওদের হবি। কিন্তু এই ভালবাসাগুলো অপূর্ণই থেকে যেত প্রয়াস আর দিশা— এই দু'টি এনজিও না থাকলে। এবার প্রয়াস আর দিশার পাশে দাঁড়ালেন অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত এবং বেদিক ভিলেজের চেয়ারম্যান রাজ কে মোদী। দু'টি এনজিও-র হাতে তুলে দিলেন একটি করে মিউজিক সিস্টেম। পূজোর আগে খুদেদের জন্যও ছিল অনেক উপহার। সেগুলি ওদের হাতে তুলে দেন ঋতুপর্ণা এবং রাজ কে মোদী। এত ব্যস্ততার মাঝেও সময় দিয়েছেন ওই খুদেদের। বসে দেখেছেন ওদের নাচ। হাততালিও দিয়েছেন। কারণ একটাই, বাঁচা মানে আর একা একা বাঁচা নয়। আর পাঁচজনকে সঙ্গে নিয়ে চলাই জীবন, বলেন ঋতুপর্ণা।